জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নির্দেশনায় মেহেরপুরে বাজার মনিটরিং

স্বাস্থ্যবিধি মেনে চালুন নিজে বাঁচুন, দেশকে বাঁচান। এই শুলোগানকে সামনে রেখে বাজার মনিটরিং করা হয়।

বুধবার সকাল ১১ টার সময় আজিম মেডিকেল হলের সামনে থেকে শুরু করে মেহেরপুর পৌরসভা পর্যন্ত প্রতিটা র্মাকেট ঘুরে ঘুরে দোকানদারদের সহ ক্রেতাদের সতর্ক করা হয়, এবং যাদের মুখে মাক্স ছিলোনা তাদের মাঝে মাক্স বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, বড় বাজার কমিটির সাধারন সম্পাদক আমিনুল ইসলাম খোকন ও জেলা যুবলীগের যুগ্নআহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, এবং যুবলীগের নেতা কর্মী বিন্দু আমিনুল ইসলাম খোকন বলেন স্বাস্থ বিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে বিক্রয় কাজ যেনো সম্পন্ন করে সেই দিকে নজর দিচ্ছি আমরা। এসব নির্দেশনা অমান্য করলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

দেশে একদিনে সর্বোচ্চ মৃত্যু ও আক্রান্তের রেকর্ড

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ১৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ২৬৯ জনে।

এই সময়ের মধ্যে নতুন করে আক্রান্ত হয়েছেন ১১৬২ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ১৭ হাজার ৮২২ জন।

এছাড়া নতুন করে ২১৪ জনসহ মোট ৩ হাজার ৬১ জন সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন।

বুধবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

গাংনীতে একজনের বিরুদ্ধে আওয়ামীলীগের ভুয়া পদবী ব্যবহারের অভিযোগ

গাংনী পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক পদবী ব্যবহার করে ইউএনও অফিসে একটি আবেদন করেছেন জনৈক আকরামুল হক। ভ’য়া পদবী ব্যবহার করে তিনি ফায়দা লুটতে চেয়েছেন মর্মে অভিযোগ উত্থাপন করে সাংবাদিকদের কাছে প্রেস বিজ্ঞপ্তি দিয়েছে গাংনী পৌর আওয়ামীলীগ। গাংনী পৌর আওয়ামীলীগ সভাপতি ছানোয়ার হোসেন বাবলু ও সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু’র স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তি গতকাল মঙ্গলবার দুপুরে গাংনী প্রেসক্লাবে উপস্থিত হয়ে সাংবাদিকদের কাছে তা প্রদান করেন।

সম্প্রতি গাংনী উপজেলায় খাদ্য গুদামে গম ক্রয় সংক্রান্ত বিষয়ে গাংনী পৌর আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক পদবী ব্যবহার করে জনৈক আকরামুল হক ওরফে এনামুল গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত আবেদন করেন। বিষয়টি পৌর আওয়ামীগের নজরে আসে। এখানে নাম ও পদবী জালিয়াতি করা হয়েছে বলে দাবী করেছেন পৌর আওয়ামীলীগ। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গাংনী পৌর আওয়ামীলীগসহ দলীয় কোন কমিটিতে আকরামুল হক ওরফে এনামুলের নামের অস্তিত্ব নেই । উক্ত পদে দায়িত্ব পালন করছেন জাকির হোসেন বাচ্চু ও মতিয়ার রহমান মাস্টার। উপজেলায় গম ক্রয় সংক্রান্ত অভিযোগটি মিথ্যা পরিচয়ে দাখিল করে দলীয় ভাবমুর্তি ক্ষুণ্য করা হয়েছে। এই মিথ্যা পরিচয়দান করীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহনের প্রক্রিয়া চলছে বলেও উল্লেখ করা হয়েছে।

তাছাড়া আকরামুল ওরফে এনামুল দির্ঘদিন ধরে গাংনী পৌর আওয়ামীলীগের নাম ও পদবী জালিয়াতি করে বিভিন্ন অফিসে দালালী, হুমকি ধামকি দিয়ে

অর্থ বাণিজ্য ও ব্যবসা প্রতিষ্ঠানে চাঁদাবাজির অভিযোগ উত্থাপন করে পৌর আওয়ামীলীগ।

আকরামুল হক ওরফে এনামুল হক জানায়, আমি ভুল করেআবেদন পত্রে পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক লিখেছি। প্রকৃত পক্ষে গাংনী আওয়ামীলীগের ৯ নং ওয়ার্ড আওয়ামীগের পদে রয়েছি।

এদিকে ৯ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ইউনুছ আলী জানায় আকরামুল হক নামের কেউ আমাদের ওয়ার্ড আওয়ামীলীগের কমিটিতে নেই। এব্যাপারে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, আওয়ামীলীগের পদ পদবী হাটবাজরে ক্রয় করা যায়না। সে আমাদের আওয়ামীলীগের দলীয় কোন পদ-পদবীতে নেই। দলীয় পরিচয়ে কেউ অপকর্ম করলে তার বিরুদ্ধে আহনগত ব্যবস্থা নেয়া হবে। মেরেহপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক বলেন,আকরামুল হক দলীয় ভুয়া পরিচয়ে নিজেকে জাহির করছেন। আকরামুল হক আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের কোন পদে নেই।

মেহেরপুর জেলা পরিষদের ত্রাণ সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে অসহায়, কর্মহীন, মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দিনব্যাপী জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল বাড়ি বাড়ি গিয়ে কর্মহীনদের মাঝে ত্রান সামগ্রী বিতরন করেন।

মেহেরপুর সদর উপজেলা, যাদুপ পুর, রাজাপুর চাঁদ বিল , কোলার মোড় , আমঝুপি, উত্তর শালিকা, সেমপুর, ঝাউ বেড়িয়া, শুবরাজ পুর, ৫৫০ টি পরিবারের মাঝে ত্রান সামগ্রী বিতরণ করা হয়। এই খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত থাকবে বলে জানান জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

দর্শনা বাজার পরিদর্শন ক্রেতা- বিক্রেতাদের স্বাস্থ্য সচেতনতা মানার আহ্বান করেন এমপি টগর

চুয়াডাঙ্গা জেলার দর্শনা রেল বাজারে গতকাল সকাল ১১ ঘটিকার সময় পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা-০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। সেই সময় তিনি ক্রেতা-বিক্রেতাদের কে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য সচেতনতা মেনে কেনাকাটা করার আহ্বান জানান।

তিনি সকল ক্রেতা-বিক্রেতাদের বলেন, আপনারা সকলে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য সচেতনতা মেনে কাজ করলে বর্তমান মহামারী করোনা ভাইরাস থেকে আমরা নিরাপদ থাকতে পারবো সেই সাথে এর সংক্রমণ ও রোধ করতে পারবো।

দর্শনা বাজার পরিদর্শন শেষে তিনি বলেন, দর্শনা রেল বাজার কমিটি বাজারের মূল প্রবেশমুখে সেচ্ছাসেবক দিয়ে সকলকে হ্যান্ড স্যানিটাইজার দিয়ে ও সাবান দিয়ে হাত পরিষ্কার করার পর বাজারে প্রবেশ করতে দিচ্ছে এটি একটি ভালো উদ্যোগ এজন্য তিনি বাজার কমিটির সভাপতি টিপু সুলতান ও সেক্রেটারি সাব্বির হোসেনকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বাজার কমিটির সকল সদস্যকে দর্শনা রেল বাজারকে সবসময় নজরদারি তে রাখতে বলেন।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান ও দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান প্রমুখ।

কার্পাসডাঙ্গায় ইসলামি ব্যাংকের ত্রাণ বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে কার্পাসডাঙ্গা শাখার ইসলামি ব্যাংক (এজেন্ট ব্যাংক) সুষ্ঠুভাবে ত্রাণ সামগ্রী বিতরণ করেছে।

গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে কার্পাসডাঙ্গা বাজারে ব্যাংক প্রাঙ্গণে এলাকার হতদরিদ্রের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে। এলাকা সমূহে খেটে খাওয়া, গরিব-দুঃখী এবং কর্মহীন মানুষের মধ্যে ত্রাণ বিতরণ করে। খাদ্য সামগ্রী করোনা ভাইরাস সংক্রমণের প্রতিরোধমূলক সকল নির্দেশনা ও দূরত্ব বজায় রেখে এমএম ফিলিং স্টেশনের ম্যানেজার তুহিন আক্তার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মহীনদের মাঝে ত্রাণ বিতরণ করেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, করোনা ভাইরাসের কারণে সংকটময় মুহূর্তে খেটে খাওয়া, গরিব-দুঃখী এবং কর্মহীন মানুষের মধ্যে ত্রাণ বিতরণ করে সকলের এগিয়ে আসা উচিত। করোনা ভাইরাস প্রতিরোধে সকলের সচেতন হতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, ব্যাংক শাখার ম্যানেজার মোঃ খলিলুর রহমান, হাবিবুর রহমান, শফিক উদ্দিন মানিক, আলি আকবার, মোহাম্মদ আলী সোহাগ।

কুষ্টিয়ায় বড় বোনকে ধর্ষণ চেষ্টা: ছোট বোনকে অপহরণ

কুষ্টিয়ার কুমারখালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ঘরবাড়ি ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। পরে বাড়ির মহিলাকে বেধড়ক পিটিয়ে তার বড় মেয়েকে ধর্ষণের চেষ্টা ও ছোট মেয়েকে অপহরণ করার অভিযোগ উঠেছে। তবে কুমারখালী থানার ওসি মজিবুর রহমানের তাৎক্ষণিক

তৎপরতায় ঘটনায় জড়িত সন্দেহে তিনজনকে আটক করা হয়।

সোমবার (১১মে) রাত সাড়ে ৯ টার দিকে কুমারখালীর চাপড়া ইউনিয়নের পাহাড়পুরে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ৩০ মার্চ পাহাড়পুরে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে দু’গ্রুপের সংঘর্ষে মৃত চাঁদ আলীর ছেলে নেহেদ আলী (৬০) ও বকুল আলী (৫৫) নামে আপন দুই সহোদর খুন হন। সেই জোড়া খুনকে কেন্দ্র করে এলাকায় লুটপাট ভাংচুর ও উত্তেজনা চলে আসছিল।

এ ঘটনার জেরে সোমবার রাতে এক পক্ষের তথ্য অন্যপক্ষের নিকট আদান-প্রদান করা সন্দেহে ছাদ ব্যাপারী সমর্থিত ৩০/৪০ জন রবিউলের বাড়িতে আকস্মিক হামলা চালিয়ে তার স্ত্রী বিউটিকে মারপিট করে ফ্রিজ, টিভিসহ অন্যান্য মালামাল লুটপাট করে।

এ সময় তার বড় মেয়েকে বাঁশবাগানে নিয়ে ধর্ষণের চেষ্টা করে এবং ছোট মেয়েকে অপহরণ করে ছাদ ব্যাপারীর বাড়িতে লুকিয়ে রাখে।

এ ব্যাপারে কুমারখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মজিবুর রহমান বলেন, রবিউলের বাড়িতে ছাদ ব্যাপারীর সমর্থিত ৩০/৪০ জন হামলা চালিয়ে তার স্ত্রীকে পিটিয়ে আহত করে লুটপাট ও ভাংচুর করে। এ সময় রবিউলের বড় মেয়েকে ধর্ষণের চেষ্টা করে এবং ছোট মেয়েকে অপহরণ করলে আমরা তাৎক্ষণিক উদ্ধার করি।

তিনি আরও বলেন, ঘটনায় জড়িত সন্দেহে ৩ জনকে আটক করা হয়েছে। মামলার প্রস্তুতি চলছে।

পদ্মার দুর্গম চরাঞ্চলে অসহায়দের পাশে কুষ্টিয়া জেলা

যুবলীগ

খাদ্য সংকটে কুষ্টিয়া সদর উপজেলার হাটশহরিপুর ইউনিয়নের ভবানীপুর ও সদর কুমারখালী উপজেলার সাদীপুর পদ্মা নদীর দুর্গম চরাঞ্চলে অসহায় দরিদ্রদের পাশে দাঁড়িয়েছে কুষ্টিয়া জেলা যুবলীগের সাধারন সম্পাদক ও কয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জিয়াউল ইসলাম স্বপন।

মঙ্গলবার দিনব্যাপী এই দুই এলাকায় কর্মহীন হয়ে পড়া অসহায় পরিবারের জন্য জরুরী খাদ্য সামগ্রী ও অর্থ সহায়তা প্রদান করা হয়েছে।

জেলা যুবলীগের সাধারন সম্পাদক জিয়াউল ইসলাম স্বপন তত্বাবধায়নে খাদ্যসামগ্রী বিতরণকালে সাদীপুর ইউনিয়নে আওয়ামীলীগের সহসভাপতি আসলাম আলীসহ স্থানীয় আওয়ামীলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ
এবং সদর উপজেলার হাটশহরিপুর ইউনিয়নের ৯ নং ও্রয়ার্ড (ভবানীপুর) এলাকার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি বাবুল মেম্বার ও সাধারন সম্পাদকের নেতৃত্বে সামাজিক দুরত্ব বজায় রেখে খাদ্য সামগ্রী বিতরণ কার্যক্রমটি সফলভাবে সমাপ্ত হয়।

চেয়ারম্যান জিয়াউল ইসলাম স্বপন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনার আহবানে সাড়া দিয়ে ও আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফের সঠিক দিক নির্দেশনায় করোনা প্রতিরোধ মোকাবেলার যুদ্ধে আজ জেলা যুবলীগ অসহায়দের পাশে এসে দাঁড়িয়েছি।

করোনার এই কালো অধ্যায় আমরা শীঘ্রই দূর করতে পারবো বলেও আশা ব্যক্ত করে জনগনের প্রতি এই যুবলীগ নেতা আরও বলেন, ‘আপনাদের মনোবল রাখতে হবে, সাহস রাখতে হবে। শেখ হাসিনার সরকার আপনাদের পাশে রয়েছে। শেখ হাসিনার সৎ ও সাহসী নেতৃত্বে ও আমাদের প্রিয় নেতা জননেতা মাহবুব উল আলম হানিফের সঠিক দিক নির্দেশনায় আমরা ইনশাআল্লাহ ঘুরে দাঁড়াবো। তাই এই করোনা দুর্যোগের ক্রান্তিকালে অসহায়দের পাশে সকলকে তাদের পাশে দাঁড়িয়ে সাহায্যের হাত বাড়ার আহবান জানান তিনি।

প্রসঙ্গত, করোনা ভাইরাস প্রতিরোধে মানুষের গৃহবন্দী হয়ে পড়েছে মানুষ। কর্মহীন হয়ে পড়েছে দিনমজুর খেটে খাওয়া মানুষেরা। দিন আনা দিন খাওয়া মানুষগুলোরা সব থেকে বড় সমস্যায় পড়েছে। তাদের পাশে

দাঁড়াতে নিরলসভাবে প্রতিনিয়ত ছুটে চলেছেন জেলা যুবলীগের সাধারন সম্পাদক জিয়াউল ইসলাম স্বপন।
তিনি বিভিন্ন এলাকায় প্রত্যন্ত অঞ্চলে ছুটে যাচ্ছেন করোনা বিষয়ে সচেতন করা সহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং ঘরে থাকার জন্য উদ্বুদ্ধকরণের পাশাপাশি খাদ্যসামগ্রী ও আর্থিক সহযোগিতা প্রদান করে মানবিক দৃষ্টান্ত স্থাপন করে চলেছে প্রতিনিয়ত।

মেহেরপুর পৌর মেয়রের উদ্যোগে প্রতিবন্ধী কে হুইলচেয়ার ও খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর উদ্যোগে পৌর ৪ নং ওয়ার্ড মাঠপাড়ার মোহাম্মদ আলীর প্রতিবন্ধী মেয়েকে হুইলচেয়ার প্রদান করা হয়েছে।

দীর্ঘদিন মানবেতর জীবনযাপন করার পর অবশেষে মেয়রের আশীর্বাদে চলাচলের মাধ্যম হিসেবে হুইলচেয়ার পেয়ে অনেক খুশি তার পরিবার।

পরে শহরের ৭ নং ওয়ার্ডে অসহায় কর্মহীন মানুষের মাঝে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে প্রদান করেন ময়র রিটন৷

মঙ্গলবার বিকেলে অন্যান্যদিনের মত ধারাবাহিকভাবে প্রায় ৩শ পরিবারের হাতে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

এ পর্যন্ত প্রায় মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৮হাজার পরিবারের কাছে খাদ্য পৌছেছে।

এই খাদ্য সামগ্রী বিতরণ আগামীতেও অব্যাহত থাকবে বলে জানান পৌর মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন।

ত্রাণ বিতরণে সহযোগিতা করেন, প্যানেল মেয়র রিটন, ৭নং ওয়ার্ড কাউন্সিলর রাজীব প্রমুখ।

দরিদ্র কৃষকের ধান কেটে দিল পুলিশ

চুয়াডাঙ্গার হাজরাহাটি গ্রামের দরিদ্র কৃষক তানজিলুর রহমানের জমির ধান কেটে দিলো চুয়াডাঙ্গা জেলা পুলিশ।

মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত সদর উপজেলার ট্যাংরামারি গ্রামের নবগঙ্গা খালপাড়া মাঠে এক বিঘা জমির থান কেটে দিয়েছে পুলিশ সদস্যরা।

অতিরিক্তি পুলিশ সুপার আবু তারেক বলেন, করোনা ভাইরাসের কারণে এমনিতেই শ্রমিক সংকট রয়েছে। এ অবস্থায় হাজরাহাটি গ্রামের দরিদ্র কৃষক তানজিলুর রহমান অর্থের অভাবে নবগঙ্গা খালপাড়া মাঠের পাঁকা ধান কাটতে পারছিলেন না।

বিষয়টি জেলা পুলিশকে অবগত করেন কৃষক। পরে মঙ্গলবার সকালে জেলা পুলিশের ২০ সদস্য কৃষকের জমির ধান কেটে দেন। ধানগুলো শুকানো হলে ঝেড়ে দেওয়ার ব্যবস্থা করা হবে বলে জানান অতিরিক্তি পুলিশ সুপার।

কৃষকের ধানা কাটায় অংশগ্রহণ করেন অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার হেডকোয়াটার কনক কুমার দাস, সদর থানার ওসি আবু জিহাদ প্রমুখ।